

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
ব্যানবেইস ভবন(নীচতলা)
১, জহির রায়হান রোড(নীলক্ষেত-পলাশী), ঢাকা।
Web: www.terbb.gov.bd E-mail: info@terbb.gov.bd

তারিখ : ২২/০৫/২০১৮খ্রি.

সদস্য সচিবের বক্তব্য

“সহজ করা সহজ নয়”

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বেসরকারি শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডে ২০১৬ সালের জানুয়ারীতে দায়িত্বে এসেছিলাম। এসেই সিদ্ধান্ত নিয়েছিলাম অন-লাইন ব্যবস্থা চালু করবো, পুরো কার্যক্রম অটোমেশনে নিয়ে আসবো। আবেদন গ্রহণ করা, যাচাই-বাছাই করা, টাকার হিসাব-নিকাশ করা এবং শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য টাকা তাদের ব্যাংক একাউন্টে পাঠিয়ে দেওয়ার বিষয়টি পূর্ণাঙ্গ ডিজিটাল পদ্ধতিতে নিয়ে আসবো। অটোমেশনের এজেন্ডা দিয়ে বোর্ড সভা করলাম। মাননীয় শিক্ষা সচিব জনাব সোহরাব হোসাইনের সভাপতিত্বে এবং তার ঐকান্তিক ইচ্ছায় বিষয়টি সর্বসম্মতভাবে পাস করা হলো। এজন্য মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এর প্রতি আমি কৃতজ্ঞ। কৃতজ্ঞতা প্রকাশ করছি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক এবং একই মন্ত্রণালয়ের মাননীয় সচিব সুবির কিশোর চৌধুরীর প্রতি।

তবে একটা কথা বলতেই হয়, ডিজিটাইজেশন বা অটোমেশন করার কাজটি অত সহজ নয়। অনেক বাধা-বিঘ্ন ডিঙ্গিয়ে অবশেষে পুরোপুরি অন-লাইন ব্যবস্থা চালু করতে সক্ষম হয়েছি। প্রত্যন্ত অঞ্চল থেকে শিক্ষক-কর্মচারীদের কষ্ট করে ঢাকায় আসতে হবে না, অবসর বোর্ড অফিসে এসে আবেদন জমা দিতে হবে না, বাড়িতে বসেই আবেদন করতে পারবেন, ইনডেক্স নম্বর দিয়ে তিনি তার আবেদনের সর্বশেষ আপডেট জানতে পারবেন এবং যাচাই-বাছাই শেষে তার প্রাপ্য টাকা নিজের ব্যাংক একাউন্টে অন-লাইনের মাধ্যমে পেয়ে যাবেন। অবসর বোর্ড অফিসে কল সেন্টার চালু করেছি। বাংলাদেশের যে কোন প্রান্ত থেকে কোন একজন অবসর প্রাপ্ত শিক্ষক/কর্মচারী কিংবা তার প্রতিনিধি কল সেন্টারে ফোন করে অবসর ভাতা সংক্রান্ত যে কোন তথ্য জানতে পারবেন। ছোট্ট একটা তথ্য জানার জন্য অফিসে আসার প্রয়োজন নেই।

এইতো ছিল মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন মাদার অব হিউম্যানিটি জননেত্রী শেখ হাসিনার স্বপ্ন-----ডিজিটাল বাংলাদেশ গড়ার দৃষ্ট ঘোষণা। শেখ হাসিনার সেই ঘোষণার পথেই হাটছে বাংলাদেশ, আমরা অবসর বোর্ড সে পথেই এগিয়ে যাচ্ছি। এ এক কঠিন সংগ্রাম “Struggle inside the party is more difficult” শেষ কথা হলো, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক পর্বতসম শালপ্রাংসু ব্যক্তিত্ব আমাদের সামনে সদা উপস্থিত, তাঁর প্রেরণায় আমরা পথ চলি। জয়-জয়-জয় রে মানবতার জয়।

অধ্যক্ষ শরীফ আহমদ সাদী
সদস্য সচিব
অবসর সুবিধা বোর্ড, ঢাকা।